## এক নজরে এই পলিসিটি

| | |
|---|---|
| আবেদন করার বয়স | সর্বনিম্ন - ৩০ দিন, সর্বোচ্চ - ৫৫ বছর |
| ফেস অ্যামাউন্ট | সর্বনিম্ন ফেস অ্যামাউন্ট: ১৫০,০০০ টাকা<br>সর্বোচ্চ ফেস অ্যামাউন্ট: কোম্পানির অবলিখন নীতিমালা অনুসারে নির্ধারণযোগ্য। |
| বীমার মেয়াদ | ১০-২০, ২৫ এবং ৩০ বছর। |
| প্রিমিয়াম প্রদানের ধরন | মাসিক, ত্রৈমাসিক, ষাণ্মাসিক এবং বার্ষিক<br>মাসিক প্রিমিয়াম প্রদানের ক্ষেত্রে প্রিমিয়াম ২,৫০০ টাকা এর কম হলে ইএফটি ডেবিট প্রযোজ্য হবে। |
| বীমা নিরাপত্তাসমূহ | বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্খিত মৃত্যু হলে, সুবিধাগ্রাহী ফেস অ্যামাউন্টের সাথে অর্জিত বোনাস/বোনাসসমূহ (কোম্পানি কর্তৃক ঘোষিত হয়ে থাকলে) পাবেন। এছাড়াও দুর্ঘটনাজনিত মৃত্যু, অঙ্গহানি, সম্পূর্ণ অক্ষমতা এবং মেডিকেল খরচের প্রতিপূরণের বীমা সুবিধা পাওয়া যাবে। |
| মেয়াদপূর্তি সুবিধা | এই পলিসির মেয়াদপূর্তিতে ফেস অ্যামাউন্ট ও অর্জিত বোনাস/বোনাসসমূহ (কোম্পানি কর্তৃক ঘোষিত হয়ে থাকলে) প্রদান করা হবে। |
| বোনাসসমূহ | সব মেয়াদের ক্ষেত্রে রিভার্শনারি বোনাস পাওয়া যাবে তবে বীমার মেয়াদ ১৬ বছর বা তার অধিক হলে অতিরিক্ত ক্যাপিটাল গ্রোথ বোনাস (টার্মিনাল বোনাস) প্রযোজ্য হবে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, এই পলিসির উল্লিখিত বোনাসসমূহের পরিমাণ নিশ্চিত নয়। |
| পলিসি তামাদি হলে | বর্ধিত সময় (প্রদেয় তারিখ হতে ৩১ দিন পর্যন্ত) পেরিয়ে যাওয়ার পরও প্রিমিয়াম প্রদান করা না হলে এবং ন্যূনতম ক্যাশ ভ্যালু অর্জিত না হলে পলিসি থেকে কোনো অর্থ অথবা সুবিধা পাওয়া যাবে না। |
| পলিসি প্রত্যর্পিত হলে | পলিসি প্রথম দুই বছরের মধ্যে যেকোনো সময় প্রত্যর্পিত হলে কোনো প্রত্যর্পণ মূল্য পাওয়া যাবে না। দুই বছর পর যেকোনো সময় প্রত্যর্পণ করা হলে, বীমাগ্রহীতা বেসিক ক্যাশ ভ্যালু ও রিভার্শনারি বোনাসের ক্যাশ ভ্যালু পাবেন। তবে দুই বছর পর প্রত্যর্পণ করলেও পলিসির প্রত্যর্পণ মূল্য জমাকৃত প্রিমিয়ামের চেয়ে কম হতে পারে। |
| অবলিখন নীতিমালা | কোম্পানির বিদ্যমান অবলিখন নীতিমালা প্রযোজ্য হবে। |

## পারসোনাল অ্যাক্সিডেন্ট কাভারেজ (প্লাস)

আপনি যদি প্লাস কাভারেজের জন্য নির্ধারিত প্রিমিয়াম প্রদান করতে সম্মত হন এবং অ্যাক্সিডেন্ট কাভারেজের জন্য যোগ্য হন এবং প্রিমিয়াম প্রদানের সময়কালে দুর্ঘটনার কারণে মৃত্যু হয়, অথবা আপনি যদি অক্ষম হয়ে যান অথবা আঘাত প্রাপ্ত হন তাহলে অতিরিক্ত সুবিধা গ্রহণ করতে পারবেন। নিচের টেবিলে সুবিধাসমূহের মূল্য উল্লেখ করা হয়েছে:

| | |
|---|---|
| দুর্ঘটনাজনিত মৃত্যুতে নিরাপত্তা | ফেস অ্যামাউন্টের ১০০% |
| সম্পূর্ণ স্থায়ী অক্ষমতায় নিরাপত্তা | ফেস অ্যামাউন্টের ১০০% |
| **নিম্নোক্ত ক্ষতিসমূহের ক্ষেত্রে প্রযোজ্য আংশিক স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে নিরাপত্তাসমূহ** | |
| উভয় হাত বা পা অথবা উভয় চোখের দৃষ্টিশক্তি হারানো | ফেস অ্যামাউন্টের ১০০% |
| একটি হাত ও একটি পা হারানো | ফেস অ্যামাউন্টের ১০০% |
| যেকোনো একটি হাত অথবা যেকোনো একটি পা এবং একটি চোখের দৃষ্টিশক্তি হারানো | ফেস অ্যামাউন্টের ১০০% |
| উভয় কানের শ্রবণশক্তি হারানো | ফেস অ্যামাউন্টের ১০০% |
| বাকশক্তি হারানো | ফেস অ্যামাউন্টের ১০০% |
| যেকোনো একটি হাত অথবা যেকোনো একটি পা হারানো | ফেস অ্যামাউন্টের ৫০% |
| একটি চোখের দৃষ্টিশক্তি হারানো | ফেস অ্যামাউন্টের ৫০% |
| বৃদ্ধাঙ্গুলি ও তর্জনি কাটা গেলে | ফেস অ্যামাউন্টের ২৫% |
| চিকিৎসার ব্যয় প্রতিপূরণ (সর্বোচ্চ) | ফেস অ্যামাউন্টের ১৫% |

পারসোনাল অ্যাক্সিডেন্ট কাভারেজে সর্বোচ্চ ৫০,০০,০০০ টাকা এবং উপরোল্লিখিত আনুপাতিক হারে বীমা নিরাপত্তা প্রদান করা হয়।

